

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৩৭

সাব্রুম, ৩ অক্টোবর, ২০২৪

সাব্রুমে সুর সম্রাট শচীন দেববর্মণ জন্মজয়ন্তী উদযাপিত

সাব্রুম মহকুমা ভিত্তিক সুর সম্রাট শচীন দেববর্মণের জন্মজয়ন্তী গত ১ অক্টোবর অনুষ্ঠিত হয়। সাব্রুম মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে দৈতেশ্বরী কালিবাড়িতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সহযোগিতায় ছিল সাব্রুম নগর পঞ্চায়েত। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নগর পঞ্চায়েতের সদস্য রণজিৎ রায় চৌধুরী, সাব্রুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ শচীন দেববর্মণের প্রতিকৃতিতে মাল্যদান করে অনুষ্ঠানের সূচনা করেন এবং তাঁর কর্মজীবন নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে শিল্পীগণ শচীন দেববর্মণের গান ও নৃত্য পরিবেশন করেন।
